যায়যায়দিন

তারিখ ১১ FEB 2009
পৃষ্ঠা ৩ কলাম ৫

# সিলেট বোর্ড প্রতিষ্ঠার পর এবারই এসএসসি পরীক্ষার্থী সবচেয়ে বেশি

সিরাজুল ইসলাম সিলেট অফিস

সিলেট বোর্ডে গত নয় বছরের মধ্যে এবার সর্বোচ্চ ৩৭ হজার ৫৪৪ পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। গত বছরের চেয়ে পরীক্ষার্থী বেড়েছে প্রায় সাড়ে ৫ হাজার। এদিকে ১৫ ফেব্রুয়ারি অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষার সব প্রস্তুতিও শেষ করেছে সিলেট শিক্ষা বোর্ড।

সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে জানা গেছে, সিলেট শিক্ষা বোর্ডের অধীনে ২০০১ সালে প্রথম এসএসসি পরীক্ষা নেয়া হয়। সে সময় পরীক্ষার্থী ছিল ২৫ হাজার ৩৫১ জন। ২০০২ সালে পরীক্ষার্থী ছিল ৩৩ হাজার ৭, ২০০৩ সালে ৩০ হাজার ৬৬৭, ২০০৪ সালে ২৮ হাজার ২৭৬, ২০০৫ সালে ২৯ হাজার ৬২২, ২০০৬ সালে ৩১ হাজার ২০০, ২০০৭ সালে ৩২ হাজার ৪৯২ ও ২০০৮ সালে ৩১ হাজার ৮১৭ জন। আর এবার অংশ নিচ্ছে ৩৭ হাজার ৫৪৪ পরীক্ষার্থী।

কথা বলে জানা গেছে, সিলেট বিভাগীয় কমিশনার ও সিলেট শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের নানামুখী উদ্বুদ্ধকরণ কর্মসূচির কারণে এবার সিলেটে পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে।

সম্প্রতি সিলেটে শিক্ষার উন্নয়নে অগ্রণী ভূমিকা পালনকারী বিভাগীয় কমিশনার ড. জাফর আহমেদ খান জানান, সিলেটে শিক্ষার হার বাড়ানোর জন্য তিনি সিলেট বিভাগের প্রায় প্রতিটি উপজেলায় আলাদা শিক্ষামূলক প্রোগ্রাম করেছেন। যার ধারাবাহিকতায় এবারের এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে। সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. এস এম আবদুল খালেক বলেন, এসএসসি পর্যায়ে সিলেট বোর্ডের অধীন প্রতিটি জেলায় মডেল টেস্ট ও কোচিংয়ের কারণে পরীক্ষার্থী বেড়েছে। সিলেট শিক্ষা বোর্ডের অধীনে এবারের পরীক্ষার্থীদের মধ্যে ছাত্রের তুলনায় ছাত্রী বেশি। এ বছর ১৭ হাজার ৪৬৭ ছাত্র পরীক্ষায় অংশ নিচ্ছে। এর বিপরীতে ছাত্রী রয়েছে ২০ হাজার ৭৭।

এসএসসি পরীক্ষায় তিনটি বিভাগের মধ্যে মানবিক বিভাগে সর্বাধিক পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এ বিভাগের পরীক্ষার্থীর সংখ্যা ২৫ হাজার ৯৭০ জন, বিজ্ঞান বিভাগে ৮ হাজার ৫৭৮ ও বাণিজ্য বিভাগে ২ হাজার ৯৯৬ জন। জেলাওয়ারী পরিসংখ্যানে সিলেট জেলায় ১৫ হাজার ৯২২, হবিগঞ্জে ৭ হাজার ১১১, মৌলভীবাজারে ৭ হাজার ৬৯৭ ও সুনামগঞ্জে ৬ হাজার ৮১৪ পরীক্ষার্থী এবার পরীক্ষায় অংশ নিচ্ছে।

সিলেট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মো. মনিরউদ্দিন জানান, গত বছরের মত নকল নিয়ন্ত্রণে এবারও প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে।